দৈনিক ইনকিলাব

তারিখ AUG 2 7 1999
পৃষ্ঠা 2 কলাম

88

বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন নেতৃবৃন্দ

# ২৫১টি মাদ্রাসার স্বীকৃতি ও এমপিওভুক্তি বাতিল আদেশ প্রত্যাহার সংবাদ অসত্য

বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের নেতৃবৃন্দ এক বিবৃতিতে ২৫-৮-৯৯ তারিখে প্রকাশিত দৈনিক জনকণ্ঠ পত্রিকায় ২য় পৃষ্ঠায় ৫ম কলামে '২৫১টি মাদ্রাসার এমপিওভুক্তি বাতিল আদেশ প্রত্যাহার করায় অভিনন্দন' এবং ২৬-৮-৯৯ তারিখে প্রকাশিত দৈনিক ইত্তেফাক পত্রিকায় ৩য় পৃষ্ঠায় ১ম কলামে 'মাদ্রাসার স্বীকৃতি এবং এমপিওভুক্তি বাতিল

১১-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## মোদারেছীন নেতৃবৃন্দ

প্রথম পৃষ্ঠার পর

আদেশ প্রত্যাহার করায় অভিনন্দন' সংবাদটি অসত্য বলে জানিয়েছেন। বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, এই অসত্য সংবাদটি পত্রিকায় প্রচার করায় ভ্রান্তি সৃষ্টি হয়েছে।

নামসর্বস্ব সমিতির নামে যারা এই অসত্য সংবাদ দিয়েছেন তাদের উদ্দেশ্য শুভ ও স্বচ্ছ নয়। প্রকৃতপক্ষে এখন পর্যন্ত ২৫১টি মাদ্রাসার স্বীকৃতি ও এমপিওভুক্তি বাতিলের আদেশ প্রত্যাহার করা হয়নি।